

# PUR ওয়াটার পিচার ফিল্টার পানীয় জলে সীসা হ্রাস করার জন্য একটি সার্টিফাইড সামগ্রী



পানীয় জলে সীসা হ্রাস করার অস্থায়ী পন্থা হিসেবে সার্টিফাইড ফিল্টার ব্যবহার করা যেতে পারে। ফিল্টারগুলো সীসা হ্রাস করার জন্য তৈরি করা হলেও সেগুলো আপনার পানীয় জল থেকে সীসা সম্পূর্ণভাবে সরিয়ে ফেলার নিশ্চয়তা দেয় না। প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

ফিল্টার কেনার সময় এর প্যাকেজিং পড়ে নিশ্চিত হয়ে নিন যে সেটি সীসা হ্রাসের ক্ষেত্রে NSF/ANSI Standard 53-এর জন্য সার্টিফাইড কি না। মার্কিন পরিবেশ সুরক্ষা সংস্থাও সুপারিশ করে যে ফিল্টার যেন NSF/ANSI Standard 42 সার্টিফাইড হয়। পার্টিকুলেট হ্রাসের জন্য (শ্রেণি 1)

## বাক্সে যা যা রয়েছে

- A ফিল্টার গেজসহ ঢাকনা (CleanSensor™ মনিটর)
- B ফিল্টার কার্টিজ
- C জল ঢালার ট্রে
- D পিচার বা জলপাত্র

## জলপাত্র ব্যবহারের জন্য তৈরী করা

### ধাপ 1

বাক্স ও মোড়ক থেকে ফিল্টার কার্টিজ (B) বের করে নিন। ঠান্ডা জলে এটিকে 15 মিনিট ভিজিয়ে রাখুন। শুধুমাত্র ঠান্ডা জল ব্যবহার করবেন। উষ্ণ বা গরম জল ফিল্টার কার্টিজের ক্ষতি করতে পারে।

### ধাপ 2

ফিল্টার কার্টিজ ভিজতে থাকাকালে ঢাকনা (A), জল ঢালার ট্রে (C), এবং জলপাত্র (D) মৃদু সাবান (যেমন ডিশ সোপ) ও জল দিয়ে হাতে দিয়ে ধুয়ে নিন। ঢাকনা জলে ডুবতে দেবেন না। ভাল করে পানি ঝরিয়ে নিন। কিছু কিছু মডেলের ফিল্টার কার্টিজে সরানো যায় এমন কভার থাকতে পারে। কভার সরিয়ে ধোয়ার ক্ষেত্রেও একই ধাপ অনুসরণ করুন।

### ধাপ 3

15 মিনিট পর, ফিল্টার কার্টিজটি (B) জল থেকে সরিয়ে ঠান্ডা জলের ধারায় 10 সেকেন্ড ধরে রাখুন। অতিরিক্ত জল ঝরিয়ে ফেলুন।

### ধাপ 4

জল ঢালার ট্রে (C)-এর মধ্যে ফিল্টার কার্টিজ (B) রাখুন, নিচের দিকে ঠেলে দিন, এবং ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে জায়গামত আটকে দিন। ঠান্ডা জল দিয়ে জল ঢালার ট্রে (C) পূর্ণ করুন। উষ্ণ বা গরম জল ব্যবহার করবেন না। জল ঢালার ট্রে (C) থেকে সবটুকু পানি জলপাত্রে (D) পড়ে যেতে দিন।

যদি লক্ষ্য করেন জলপাত্রের ভিতরে গা বেয়ে পানি পড়ছে, তার অর্থ ফিল্টার কার্টিজ দিয়ে জল ঠিকমত যাচ্ছে না। জল ঢালার ট্রে আর জলপাত্রের পানি ফেলে দিয়ে ধাপ 4 আবার করুন।





### ধাপ 5

জলপাত্রের ঢাকনার (A) উপরে থাকা রিসেট বাটন পাঁচ সেকেন্ড চেপে ধরে রেখে ফিল্টার গেজ চালু করুন। বাটন ধরে রাখার সময় লাল, হলুদ ও সবুজ নির্দেশক বাতি একসঙ্গে জ্বলে উঠবে।



### ধাপ 6

তিনটি নির্দেশক বাতির সবগুলো জ্বলে থাকা অবস্থায় রিসেট বাটন ছেড়ে দিন। রিসেট বাটন ছেড়ে দেওয়ার পর সবুজ নির্দেশক বাতিটি ছয়বার জ্বলা-নেভা করবে।

ফিল্টার গেজ এবার চালু হয়ে গেছে। আপনার জলপাত্র ব্যবহারের জন্য তৈরী।

## ফিল্টারকৃত জল কখন ব্যবহার করবেন বা করবেন না?

### যে ক্ষেত্রে ফিল্টারের ঠান্ডা জল ব্যবহার করবেন:

- পানীয় জল হিসেবে
- রান্না করা
- শিশুর ফর্মুলা বানাতে
- খাবার ধোয়ার জন্য
- শিশুদের দাঁত ব্রাশ
- পোশা প্রাণির পানীয় জলের পাতে

### ফিল্টারবিহীন জল ব্যবহার করুন এসব ক্ষেত্রে:

- হাত ধোয়া
- খালাবাসন, জামাকাপড় ধোয়া
- মেঝে, কাউন্টারটপ পরিষ্কার করা
- শাওয়ার বা স্নান করা: বড়রা ও ছোটরা
- এই জল গিলে ফেলা থেকে বিরত থাকবে
- বড়দের দাঁত ব্রাশ করা

\*মিশিগান কৃষি ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী

## ফিল্টার কার্টিজ পরিবর্তন

প্রতিবার ফিল্টার কার্টিজ বদলানোর সময় ফিল্টার গেজ রিসেট করা গুরুত্বপূর্ণ। প্রায় দুই মাস ব্যবহারের পর, অথবা চল্লিশ গ্যালন জল ফিল্টার করার পর ফিল্টার কার্টিজ বদলানো প্রয়োজন। জলপাত্র থেকে প্রতিবার জল নেবার সময় ফিল্টার গেজের নির্দেশক বাতি ছয় বার জ্বলানোভা করে জানিয়ে দেবে যে:

- আপনার ফিল্টার কার্টিজ কাজ করছে = **সবুজ বাতি**
- আপনার ফিল্টার কার্টিজ কাজ করছে, তবে শিগগির বদলাতে হবে = **হলুদ বাতি**
- ফিল্টার কার্টিজ এঙ্কুনি বদলাতে হবে = **লাল বাতি**

ফিল্টার কার্টিজ বদলানোর সময় হয়ে গেলে, উপরের ধাপ 1 থেকে 5 অনুসরণ করুন। ধাপ 5-এর পর যখন কেবল সবুজ বাতি জ্বলানোভা করবে তখন রিসেট বাটন ছেড়ে দিন। এর ফলে ফিল্টার গেজ আবার কার্যকর হবে যেন আপনি সময় মত সবুজ, হলুদ, এবং লাল বাতির সতর্কীকরণ পেতে পারেন।

আপনার ফিল্টার সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে প্রস্তুতকারকের সঙ্গে যোগাযোগ করুন। সীসার সংস্পর্শ এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের জন্য 844-934-1315 নম্বরে মিশিগান ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস ড্রিংকিং ওয়াটার হটলাইনে যোগাযোগ করুন অথবা দেখুন [Michigan.gov/MiLeadSafe](http://Michigan.gov/MiLeadSafe).

মিশিগান ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (এমডিএইচএইচএস) জাতি, ধর্ম, বয়স, রাষ্ট্রীয় পরিচয়, গাত্রবর্ণ, উচ্চতা, ওজন, বৈবাহিক অবস্থা, জেনেটিক তথ্য, লিঙ্গ, লৈঙ্গিক পছন্দ, লৈঙ্গিক পরিচিতি বা অভিব্যক্তি, রাজনৈতিক বিশ্বাস অথবা প্রতিবন্ধিত্বের কারণে কোন ব্যক্তি বা গোষ্ঠীর প্রতি বৈষম্য করে না।

